



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web-site: www.dpdc.org.bd

নিবাহা পারিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-১০৬

তারিখ: ২৮/১২/২০২০ ইং।

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির এপিএ টিমের মাসিক সভার (ডিসেম্বর/২০২০) কার্যবিবরণী।

গত ২৭/১২/২০২০ খ্রি. তারিখে আহবায়ক, এপিএ টিম ও নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে এপিএ টিমের মাসিক সভা (ডিসেম্বর/২০২০) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এপিএ টিমের সকল সদস্যগণ অংশ গ্রহণ করেন। উক্ত সভায় আহবায়ক, এপিএ টিম উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০২০-২০২১ অর্থ বছরের এপিএ'র ২য় ত্রৈমাসিক ও অর্থ বার্ষিক অর্জনের প্রতিবেদন প্রমাণকসহ বিদ্যুৎ বিভাগে প্রেরণ।	উপ-মহাব্যবস্থাপক (অর্থ), আর.এ. সভায় অবহিত করেন যে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত বিভিন্ন কর্মসম্পাদন সূচকের বাস্তবায়ন অগ্রগতি (২য় কোয়ার্টার) প্রতিবেদন আগামি ০৫/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণের নির্দেশ প্রদান করা হয়েছে। সে মোতাবেক বিভিন্ন দপ্তরকে তথ্য প্রদানের জন্য পত্র মারফত অনুরোধ করা হয়েছে। সংশ্লিষ্ট দপ্তর হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী নির্ধারিত ছকে বিদ্যুৎ বিভাগে তথ্য প্রেরণ করা হবে।	নির্ধারিত সময়ের মধ্যে তথ্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল নির্বাহী পরিচালক/ প্রধান প্রকৌশলী / মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক (অর্থ) আরএ
০২	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জন	নির্বাহী পরিচালক (অপারেশন) দপ্তরের নির্বাহী প্রকৌশলী সভায় অবহিত করেন যে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কতিপয় কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা যেমন: সিস্টেম লস, CB Ratio, বকেয়া হ্রাস ইত্যাদি অর্জিত হয় নি। আহবায়ক, এপিএ টিম বলেন যে, যে সকল এনওসিএস দপ্তর নভেম্বর/২০২০ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয় নি, তার কারণ অনুসন্ধানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কর্মসম্পাদন সূচকের সকল লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল প্রধান প্রকৌশলী ও মহাব্যবস্থাপক

পরিশেষে আর কোন আলোচনানা থাকায় আহবায়ক, এপিএ টিম মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ গিয়াস উদ্দিন জোয়ার্দার)

আহবায়ক, এপিএ টিম

ও

নির্বাহী পরিচালক (প্রকৌশল)

ডিপিডিসি।

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
- ২। নির্বাহী পরিচালক (অডমিনিস্ট্রেশন এন্ড এইচআর/প্রকৌশল/অর্থ/আইসিটি এন্ড প্রক্লিউরমেন্ট), ডিপিডিসি।
- ৩। কোম্পানি সচিব/প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, ডিপিডিসি।
- ৫। নির্বাহী প্রকৌশলী/মহাব্যবস্থাপক, ডিপিডিসি।